

📖 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহরাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৯. ওযুর সুন্নাত কী কী? - [ওযুর সুন্নাত]

ফরয ব্যতীত ওযুতে বাকি অন্যান্য যত কাজ দলীল দ্বারা প্রমাণিত, সেগুলোই হলো সুন্নাত। নিম্নে তা পেশ করা হলো:

১. মিসওয়াক করা। (বুখারী: ১৫৯)।
২. বিসমিল্লাহ বলে ওযু শুরু করা। (আবু দাউদ: ১০১)
৩. দুই হাত কজি পর্যন্ত ৩ বার ধৌত করা। (বুখারী: ১৬৪)
৪. কুলি করা, কুলির সময় ভালো করে গড়গড়া করা। (আবু দাউদ: ১৪২)।
৫. নাকে পানি দেওয়া, নাকে পানি টান দিয়ে ঝাড়া দেওয়া। (আবু দাউদ: ১৪২)
৬. ঘন দাড়ি খিলাল করা। (আবু দাউদ: ১৪৫)।
৭. ওযুর অঙ্গগুলো ভালো করে ঘষামাজা করা। (ইবনে হিব্বান: ৩৬৩)
৮. ডান অঙ্গ আগে ধৌত করা। (বুখারী: ১৬৮)।
৯. ওযুর অঙ্গগুলো তিন বার করে ধৌত করা। (বুখারী: ১৫৮, ১৫৯) (তবে কমপক্ষে ১ বার বোয়া ফরয, বুখারী: ১৫৭), আর তিন বারের বেশি বোয়া মাকরুহ)।
১০. ওযুর পর দু'আ করা। (মুসলিম: ২৩৫)
১১. ওযু শেষে দু'রাকাতাত (তাহিয়্যাতুল ওযু) নামায পড়া। (মুসলিম: ২৩৪)

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=12805>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন